গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মাগুরা সদর, মাগুরা।

স্মারক নং ১৩.০১.৫৫৫৭.০০৮.৫৭.০০১.২০২৪.৪৪৭ তারিখ: ১১/০৮/২০২৫ খ্রি.

## "খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"

এতদ্ধারা মাগুরা সদর উপজেলার ১৩টি ইউনিয়নের আগ্রহী সাধারন ব্যবসায়ীদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৪/১০/২০২৪খ্রি. তারিখে খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ ও ২০৭ নং স্মারকে জারীকৃত পরিপত্র এবং ১১/০৮/২০২৫খ্রি. তারিখে উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র মাগুরা সদর উপজেলার ১৩টি ইউনিয়নে ২২(বাইশ)টি বিক্রয় কেন্দ্রের জন্য প্রতি কেন্দ্রে ০১(এক) জন করে মোট ২২(বাইশ)জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলী ও যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণ ১২/০৮/২০২৫ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার হতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,মাগুরা সদর, মাগুরা হতে আবেদন ফরম সংগ্রহ করে ১৯/০৮/২০২৫খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরার দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখ ও সময়ের পর আর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

| উপজেলার নাম | ক্র. নং | ইউনিয়নের নাম | বিক্রয় কেন্দ্রের নাম | ডিলার সংখ্যা | ক্র. নং | ইউনিয়নের নাম | বিক্রয় কেন্দ্রের নাম | ডিলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাগুরা সদর | ১ | হাজীপুর | হাজীপুর বাজার | ০১ | ৮ | জগদল | জগদল বাজার | ০১ |
| | | | বগুড়া বাজার | ০১ | | | কাটাখালি বাজার | ০১ |
| | ২ | আঠারখাদা | গাংনালিয়া বাজার | ০১ | ৯ | চাউলিয়া | ধলহরা বাজার | ০১ |
| | | | টেঙ্গাখালী বাজার | ০১ | | | গোবিন্দপুর বাজার | ০১ |
| | ৩ | কছুন্দি | রামনগর বাজার | ০১ | ১০ | শত্রুজিৎপুর | শত্রুজিৎপুর বাজার | ০১ |
| | ৪ | বগিয়া | আলোকদিয়া বাজার | ০১ | ১১ | বেরইল পলিতা | পুটিয়া বাজার | ০১ |
| | ৫ | হাজরাপুর | আলমখালী বাজার | ০১ | | | বেরইল পলিতা বাজার | ০১ |
| | | | ইছাখাদা বাজার | ০১ | ১২ | কুচিয়ামোড়া | কুল্লিয়া বাজার | ০১ |
| | ৬ | রাঘবদাইড় | দক্ষিন মির্জাপুর | ০১ | | | নতুনগ্রাম বাজার | ০১ |
| | | | রাঘবদাইড় বাজার | ০১ | ১৩ | গোপালগ্রাম | গোয়ালবাথান বাজার | ০১ |
| | ৭ | মঘী | রাজিবের পাড়া | ০১ | | | | |
| | | | ভাবনহাটি বাজার | ০১ | | | | |

### আবেদনকারীর নিম্ন বর্ণিত যোগ্যতা ও কাগজ পত্র থাকতে হবে।

১। আবেদনকারীকে মাগুরা সদর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ১৮ বছর বয়স পূর্ণ হতে হবে।

২। আবেদনকারীর ইউনিয়নের বড় হাট/বাজারে নিজস্ব/ ভাড়ার দোকান (স্বপক্ষে হালনাগাদ ডকুমেন্ট) থাকতে হবে।

৩। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।

৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা সদর, মাগুরা হতে আবেদনপত্র সংগ্রহ করে তা প্রয়োজনীয় কাগজ পত্রের সহিত মুখ বন্ধ খামে এবং খামের উপর স্পষ্টভাবে আবেদনকারীর নাম, ঠিকানা এবং ইউনিয়ন ও বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ পূর্বক জমা দিতে হবে।

৫। আবেদনকারীর একসঙ্গে ১৫.০০০মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী দোকান/ সংযুক্ত গুদাম থাকতে হবে।

৬। আবেদনকারীর ইউনিয়ন পরিষদের হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৭। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে এবং ব্যাংক কর্তৃক প্রদত্ত আথিক স্বচ্ছলতা সনদপত্র থাকতে হবে।

৮। খাদ্য বিভাগ কর্তৃক শাস্তি প্রাপ্ত, কালো তালিকা ভুক্ত, বাতিলকৃত বা সাময়িক ভাবে বরখাস্ত কিংবা আদালত কর্তৃক শাস্তি প্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারী আবেদন করতে পারবেন না।

৯। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।

১০। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসমাঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা অসদুপায় অবলম্বন করলে যে কোন সময়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। আবেদনকারীকে খাদ্যশস্যের (ফুড গ্রেইন) লাইসেন্সধারী খাদ্যশস্যের ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ নবায়ন থাকতে হবে।

১৩। বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিক্রয় কেন্দ্রের অনুকূলে আবেদনপত্র দাখিল করতে হবে। একই ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের অনুকূলে আবেদন করতে পারবেন না।

১৪। আবেদনকারীর স্বাক্ষরবিহীন, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ডিলার নিয়োগের পরেও যদি ভুল তথ্য উদঘাটিত হয় তাহলে কর্তৃপক্ষ ডিলারশীপ বাতিল করতে পারবে।

১৫। খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারশীপ প্রাপ্তির জন্য খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা সদর, মাগুরা হতে সংগ্রহ করতে হবে।

১৬। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারে এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আবেদনকারী বা তার প্রতিনিধির স্মার্টফোন বা তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক্স ডিভাইস থাকতে হবে। সংশ্লিষ্ট অ্যাপ ব্যবহারের সক্ষম হতে হবে।

১৮। আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্রাদি প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

১৯। আবেদনকারী কমিটি কর্তৃক ডিলার হিসেবে নির্বাচিত হলে ২৫,০০০/ (পঁচিশ হাজার) টাকা মাত্র (ফেরৎ যোগ্য) জামানত পে-অর্ডার আকারে এবং ৩০০/(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। নিয়োগ প্রাপ্ত ডিলারের মেয়াদ ০৫(পাঁচ বছর) এবং প্রতি অর্থ বছরে নির্ধারিত ফি প্রদান পূর্বক লাইসেন্স নবায়ন করতে হবে।

২০। আবেদনকারী চূড়ান্ত নিয়োগ পাওয়ার পর খাদ্যশস্যের শ্রেণি ভিত্তিক লাইসেন্স গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

আবেদন পত্রের সহিত যে সমস্ত কাগজ পত্র সংযুক্ত করতে হবে।

| | |
|---|---|
| **১। পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি।** | **৬। নাগরিক সনদের সত্যায়িত ফটোকপি।** |
| **২। হালনাগাদ ফুড গ্রেইন লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।** | **৭। হাল নাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।** |
| **৩। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদের সত্যায়িত ফটোকপি।** | **৮। অঙ্গীকারনামা।** |
| **৪। দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজ পত্রাদির সত্যায়িত ফটোকপি।** | |
| **৫। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।** | |

ইশরাতজাহান
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মাগুরা সদর, মাগুরা।

স্মারক নং ১৩.০১.৫৫৫৭.০০৮.৫৭.০০১.২০২৪.৪৪৭

তারিখ: ১১/০৮/২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মাগুরা।
০৩। পরিচালক, সরবরাহ, বন্টণ ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৪। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
০৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা।
০৮। উপজেলা কৃষি অফিসার, মাগুরা সদর, মাগুরা।
০৯। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাগুরা সদর, মাগুরা।
১০। উপজেলা সমাজসেবা অফিসার, মাগুরা সদর, মাগুরা।
১১। উপজেলা পরিসংখ্যান অফিসার, মাগুরা সদর, মাগুরা।
১২। উপজেলা আইসিটি অফিসার, মাগুরা সদর, মাগুরা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা মাগুরা সদর এলএসডি, মাগুরা।
১৪। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মাগুরা সদর, মাগুরা।
১৫। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মাগুরা সদর, মাগুরা।